RUSSIAN POETRY:

A Bengali and English Rendering

A Bengali and English Rendering

Indrajit Roy

Toronto, Canada

January 2026

লেখক পরিচিতি

ইন্দ্রজিৎ রায় ১৯৫৬ সালে নেত্রকোণা জেলার মোহনগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭২ সালে মোহনগঞ্জ পাইলট হাই স্কুল থেকে প্রথম বিভাগে মাধ্যমিক ও ১৯৭৪ সালে ময়মনসিংহের সরকারী আনন্দমোহন কলেজ থেকে প্রথম বিভাগে উচ্চ মাধ্যমিক পাশ করেন । এরপর ১৯৭৬ সালে সোভিয়েত সরকার-প্রদত্ত বৃত্তি নিয়ে উচ্চ শিক্ষার্থে তৎকালীন সোভিয়েত ইউনিয়নে গমন করেন। তিনি বর্তমান রুশ ফেডারেশনের ক্রাসনাদারে অবস্থিত কুবান রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন শেষে ১৯৮২ সালে কৃষিতত্ত্বে মাস্টার্স ও ১৯৮৬ সালে উদ্ভিদ প্রজনন ও বীজ উৎপাদনে পিএইচডি ডিগ্রি লাভ করেন। ১৯৮৬ সালে দেশে ফিরে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে যোগদান করেন এবং সেখানে ২০০১ সালের মার্চ পর্যন্ত প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন। তিনি ১৯৯২ সালে যুক্তরাষ্ট্রের কৃষি দফতরে প্রকল্প বিশ্লেষণের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। ১৯৯৯ সালে জাপানের ফুকুওয়াকাতে অবস্থিত কিউশু বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ প্রজনন বিভাগে পোস্ট-ডক্টরাল গবেষণা করেন। ২০০১ সাল থেকে তিনি কানাডার টরন্টোতে স্থায়ীভাবে বসবাস করছেন। তিনি জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা সহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানে কৃষি গবেষণা ও গ্রামীন উন্নয়ন বিষয়ে আন্তর্জাতিক পরামর্শক হিসেবে কাজ করছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্র সন্তানের জনক।

সের্গেই ইয়েসেনিন
জীবন – মনভোলানো বিষন্নতায় ঢাকা প্রবঞ্চনা,

জীবন – মনভোলানো বিষন্নতায় ঢাকা প্রবঞ্চনা,
এজন্য সে এত বলীয়ান,
যে নিজের রুক্ষ হাতে
লিখে যায় মারাত্মক সব চিঠি

আমি সর্বদা, যখন চোখ বুজে আসে,
বলি: "হৃদয় শুধু তুমি উদ্বিগ্ন থাকবে,
জীবন – প্রতারণা, কিন্তু কখনো কখনো সে
মিথ্যাকে আনন্দে সাজিয়ে রাখে"।

ধূসর আকাশের দিকে মুখ ফেরাও
চাঁদ দেখে ভাগ্য গণনার সময়
শান্ত হও, নশ্বর, এবং জেদ ধরো না
জানতে সেই সত্য, যার প্রয়োজন তোমার নেই।

যৌবনের আনন্দে ভেসে ভাল লাগে
ভাবতে, এই জীবন–একটি পথ।
প্রতারণা করে যাক দুদন্ডের বান্ধবীরা,
বিশ্বাসঘাতকতা করে যাক দুদন্ডের বন্ধুরা।

যতই সুন্দর কথা বলে আমাকে আদর করুক,
ক্ষুরের চেয়েও তীক্ষ্ণ হোক অশালীন বাক্যবাণ,
এসব ঘটার প্রস্তুতি নিয়ে বাস করছি অনেকদিন,
সবকিছুর প্রতি ধাতস্থ হয়ে গেছি নিষ্ঠুরভাবে।

এই উঁচু প্রান্তর আমার অন্তরকে করে শীতল,

নক্ষত্রের আগুন থেকে ছড়ায় না উত্তাপ।
তারা, যাদের বেসেছিলাম ভালো, তারা চলে গেছে,
যাদের সঙ্গে থাকতাম –তারা ভুলে গেছে আমাকে।

কিন্তু তবুও, যতই কোণঠাসা বা নির্যাতিত হই,
আমি ভোরের আলোয় হাসিমুখে তাকাই,
পৃথিবী পানে ,আমার নিকট ও প্রিয়জনদের,
সবকিছুর জন্য জীবনকে জানাই ধন্যবাদ।

Сергей Есенин
Жизнь - обман, с чарующей тоскою
Life – a deception with enchanting sadIt is so powerful because it can write
Жизнь — обман с чарующей тоскою,
От того так и сильна она,
Что своею грубою рукою
Роковые пишет письмена.

Я всегда, когда глаза закрою,
Говорю: «Лишь сердце потревожь,
Жизнь — обман, но и она порою
Украшает радостями ложь».

Обратись лицом к седому небу,
По луне гадая о судьбе,
Успокойся, смертный, и не требуй
Правды той, что не нужна тебе.

Хорошо в черемуховой вьюге
Думать так, что эта жизнь — стезя.
Пусть обманут легкие подруги,
Пусть изменят легкие друзья.

Пусть меня ласкают нежным словом,
Пусть острее бритвы злой язык,
Я живу давно на все готовым,
Ко всему безжалостно привык.

Холодят мне душу эти выси,
Нет тепла от звездного огня.
Те, кого любил я, отреклися,
Кем я жил — забыли про меня.

Но и все ж, теснимый и гонимый,
Я, смотря с улыбкой на зарю,
На земле, мне близкой и любимой,
Эту жизнь за все благодарю.

Life – a deception with enchanting sadness
It is so powerful because
It can write deadly letters
with its rude hand.

I always, when close my eyes,
Say: “Only heart should feel alarmed,
Life – a deception, but it often
Colours life with happiness.

Turn your face to gray sky,
While fixing on the moon to tell fortunes,
Calm down, the mortal, and don’t demand
that truth, which you don’t need.

While floating in joy of youth
It feels good to think, this life – a path.
Let easy girl friends cheat,
Let easy friends deceive.

No matter how I am flattered with lovely words,
No matter how indecent sharp words are,
I have been living ready for everything,
Mercilessly accustomed to everything.

These heights chill my heart,
The fire from the stars doesn’t heat me up.
Those I loved, abandoned me.
Who I lived by has forgotten me.

But still, no matter how cornered or oppressed I am,
I look at the morning light with a smile,
I thank life for everything, for the world, for my near and dear ones,
I thank life for everything.

সের্গেই ইয়েসেনিন
মা-কে চিঠি



তুমি এখনো বেঁচে আছ, আমার প্রিয় মা?
বেঁচে আছি আমিও। প্রণাম তোমাকে, প্রণাম।
তোমার ছোট্ট কুটিরের ওপর বইতে থাকুক
সন্ধেবেলার সেই অপূর্ব আলোর ধারা

আমি জেনেছি, তুমি নাকি, উদ্বেগ লুকিয়ে,
আমার চিন্তায় ভীষণ মুষড়ে পড়েছ,
তুমি নাকি প্রায়ই রাস্তায় হেঁটে যাও
পুরোনো জীর্ণ কোটটি গায়ে দিয়ে।

এবং তোমাকে সাঁঝবেলার নীল আঁধারে
প্রায়ই দেখায় একই রূপে:
যেন কেউ পানশালার ধস্তাধস্তিতে
আমার বুকে বসিয়ে দিয়েছে ফিনিশ চাকু।

কিছুই হয় নি, মা, শান্ত হও।
এটা শুধু যন্ত্রণাপ্রসূত প্রলাপ।
আমি এমন কোন পাঁড় মাতাল নই,
যে, তোমাকে না দেখে মরে যাব।

আমি ঠিক আগের মতই নম্র
এবং শুধু একটি স্বপ্ন আমার,
যত শীঘ্র বিদ্রোহের বিষাদ থেকে
ঘুরে আমাদের ছোট্ট বাড়ীটিতে ফিরতে পারি।

আমি ফিরব, যখন বসন্তের আগমনে

ডালপালা ছড়িয়ে আমাদের বাগানটি শুভ্র হয়ে ওঠবে।
তুমি শুধু ভোরবেলায় আর আমাকে
আট বছর আগে যেমন, ঘুম থেকে জাগিয়ো না।

যা উদযাপিত হয়ে গেছে তা, আর জাগিয়ো না,
যা সত্য হয় নি, তা নিয়ে আক্ষেপ করো না,
হারানোর ব্যথা আর ক্লান্তি অনেক আগে
জীবনে আমাকে ভোগ করতে হয়েছে।

আর ঈশ্বরকে ডাকা আমাকে শিখিয়ো না, প্রয়োজন নেই!
পুরোনো দিনে আর ফিরে যাওয়া যাবে না।
তুমি একা আমার সহায়, আমার আনন্দ,
শুধু তুমি আমার জীবনের অনাগত আলো।

তাই ভুলে যাও তোমার উদ্বেগ,
আমার জন্য মন বিষন্ন করো না।
ঘন ঘন রাস্তায় হাঁটতে যেয়ো না
পুরোনো জীর্ণ কোটটি পরে।

Сергей Есенин
Письмо матери
Ты жива еще, моя старушка?
Жив и я. Привет тебе, привет!
Пусть струится над твоей избушкой
Тот вечерний несказанный свет.

Пишут мне, что ты, тая тревогу,
Загрустила шибко обо мне,
Что ты часто ходишь на дорогу
В старомодном ветхом шушуне.

И тебе в вечернем синем мраке
Часто видится одно и то ж:
Будто кто-то мне в кабацкой драке
Саданул под сердце финский нож.

Ничего, родная! Успокойся.
Это только тягостная бредь.
Не такой уж горький я пропойца,
Чтоб, тебя не видя, умереть.

я по-прежнему такой же нежный

И мечтаю только лишь о том,
Чтоб скорее от тоски мятежной
Воротиться в низенький наш дом.

я вернусь, когда раскинет ветви
По-весеннему наш белый сад.
Только ты меня уж на рассвете
Не буди, как восемь лет назад.

Не буди того, что отмечталось,
Не волнуй того, что не сбылось,-
Слишком раннюю утрату и усталость
Испытать мне в жизни привелось.

И молиться не учи меня. Не надо!
К старому возврата больше нет.
Ты одна мне помощь и отрада,
Ты одна мне несказанный свет.

Так забудь же про свою тревогу,
Не грусти так шибко обо мне.
Не ходи так часто на дорогу
В старомодном ветхом шушу.

Sergei Yesenin
Letter to Mother

Are you still alive, my dear mother?
I am alive too. Salute to you!
Let that amazing evening light,
flows over your hut.

I came to know that you hiding anxiety,
became deeply sad about me
that you often walk down the road
in your old-fashioned, shabby overcoat.

And you often look one and the same
In the blue evening light:
As if someone stuck a Finnish knife
straight into my heart in a bar fight.

It is nothing, my dear! calm down.
It is only fiction through and through.
I am not so a bad drunkard, really,
that I should die without seeing you.

I am still your little son as ever,
and the only thing I dream of, when alone,
is to leave this dismal world I live in,
and return to our humble low-roofed home.

I'll return in spring and without a warning
when the garden blooms white as snow.
But, please don't wake me early in the morning,
like you used to do eight years ago.

Don't disturb the dreams already dreamt
don't perturb my vain and futile strife,
for I have become tired much too early
from all that sorrow and weariness in life.

And don't teach me how to say my prayers!
There is no way back to what is forever gone.
You alone are my only solitude now,
the remaining light that is still shining on.

Mother! My dearest! Forget your pain,
do not fear and worry about me.
And don't walk down the road every now and then
in that old, shabby overcoat of yours.

সের্গেই ইয়েসেনিন
আমার জানালার ধারে শ্বেতশুভ্র বার্চ

শ্বেতশুভ্র বার্চ গাছ
আমার জানালার ধারে
ঢেকে আছে তুষারে,
অবিকল রূপোর মতন।

তুষারের আবরণে
তুলতুলে ডালগুলোতে
ঝুলছে সাদা পাড়ের,
থোকা থোকা সুতোর মালা।

তন্দ্রাচ্ছন্ন নিস্তব্ধতায়
দাড়িয়ে বার্চ গাছ
তুষারের কণাগুলো জ্বলছে,
সোনালী আগুনে।

আর ভোর অলসভাবে
চারপাশ ঘুরে
ডালগুলোতে ছিটিয়ে দিচ্ছে
নতুন রুপো।

Сергей Есенин
Белая берёза Под моим окном

Белая берёза
Под моим окном
Принакрылась снегом,
Точно серебром.

На пушистых ветках
Снежною каймой
Распустились кисти
Белой бахромой.

И стоит береза
В сонной тишине,
И горят снежинки
В золотом огне.

А заря, лениво
Обходя кругом,
обсыпает ветки
Новым серебром.

Sergei Yesenin
White birch tree under my window
White birch
Under my window
Covered in snow,
Like silver.

On the fluffy branches

With a snowy border
Tassels blossomed
With a white fringe.

And the birch stands
In sleepy silence,
And the snow particles
Burn in a golden fire.

And the dawn idly
Going round
Dumps on the branches
New silver.

সের্গেই ইয়েসেনিন
সুপ্রভাত

সোনালী তারারা তন্দ্রায় আচ্ছন্ন,
কাঁপে আয়নার মত ডোবার জল,
ভোরের আলো ছড়িয়ে পড়ে ডোবার জলে
আকাশের কোণে ফুটে ওঠে রক্তিম আভা।

হাসে ঘুমের ঘোরে থাকা বার্চ বৃক্ষ
চুলের বেণীর মত দুলতে থাকে চিকন ডালগুলো
ফিসফিস শব্দে দুলে সবুজ পুষ্পমঞ্জরী,
অগ্নিস্ফুলিঙ্গের মত চকচক করে রুপালী শিশির।

বেড়ার কাছে বেড়ে ওঠা বিছুটি গাছগুলো
পরেছে চকচকে মুক্তোর মালা
আর দুলতে দুলতে আনন্দে করে ফিসফিস
“সুপ্রভাত”!

Сергей Есенин
С добрым утром
Задремали звезды золотые,
Задрожало зеркало затона,
Брезжит свет на заводи речные
И румянит сетку небосклона.

Улыбнулись сонные березки,
Растрепали шелковые косы.

Шелестят зеленые сережки,
И горят серебряные росы.

У плетня заросшая крапива
Обрядилась ярким перламутром
И, качаясь, шепчет шаловливо:
«С добрым утром!»

Sergei Yesenin
Good morning

The golden stars have fallen asleep,
The backwater like a mirror trembles,
Morning light sparkles on the backwater
blushing the corner of the sky.

The sleepy birches smiled
The slender branches way like braids
The catkins sway in whispers,
Silver dews glitter like sparks.

The nettles growing near the fence
are wearing a garland of shining pearls
and sway happily
whispering
"Good morning”.

সের্গেই ইয়েসেনিন
বসন্তের সন্ধ্যা

নীরবে বয়ে যায় রুপালী নদী
গোধুলির সবুজ বসন্তের রাজত্বে
ডুবে যায় সূর্য্য বনপাহাড়ের আড়ালে
ভাসতে থাকে সোনালী চাঁদের শিং

গোলাপী আভার চাদরে ঢেকে যায় পশ্চিম।
মাঠ থেকে আসে ফিরে কিষাণ কুটিরে তার
বার্চ গাছের আড়ালে ঢেকে যাওয়া রাস্তা পেড়িয়ে
পাপিয়ার কন্ঠে বাজে ভালবাসার গান

সস্নেহে শুনে সেই গান

পশ্চিম থেকে গোলাপী আভায় রাঙিয়ে হয় ভোর;
আদরের পরশে তাকিয়ে দেখে দূরের তারা;
আকাশের পানে তাকিয়ে হয় উৎফুল্ল বিশ্বচরাচর।

Сергей Есенин
Весенний вечер

Тихо струится река серебристая,
В царстве вечернем зеленой весны.
Солнце садится за горы лесистые,
Рог золотой выплывает луны.

Запад подернулся лентою розовой,
Пахарь вернулся в избушку с полей,
И за дорогою в чаще березовой
Песню любви затянул соловей.

Слушает ласково песни глубокие
С запада розовой лентой заря.
С нежностью смотрит на звезды далекие
И улыбается небу земля.

Sergei Yesenin
Spring evening

Quiet flows the silver river,
In the evening in the kingdom of green spring.
The sun sets behind the forest hills,
The golden moon's horn floats.

A blanket of pink aura covers the west,
The peasant returned to his hut from the fields,
And beyond the road, in the birch thicket,
A nightingale began singing a song of love.

The dawn in a deep pink ribbon from the west
listens tenderly to the songs.
The earth affectionately looks at the distant stars
And smiles at the sky.

সের্গেই ইয়েসেনিন
শরৎকাল

শরৎকাল! আকাশ মেঘলা,
শোঁ শোঁ করে বাতাস।
প্রকৃতি নিরাসক্ত
চোখ বুলায় সর্বত্র।
ফুলগুলো মলিন;
গাছগুলো নগ্ন:
বাগানে নেই প্রাণ,

বিষন্ন উপত্যকা।
শোনা যায় না পাখির ডাক,
উড়ে গেছে সবাই,
শেষ বার বসন্তে,
এরা গেয়েছিল গান।
শরত, মেঘলা আকাশ।
অঝোরে নামে বৃষ্টি
বিরক্তিকর, বিষন্ন

Сергей Есенин
Осень (Небо тучно, ветер шумит)

Осень! Небо тучно,
Ветер шумит.
Природа скучно.
Всюду глядит.
Цветы поблёкли;
Деревья голы:
Сады заглохли,

Печальны долы.
И птиц не слышно,
Все улетели.
В последний раз весне
Песню спели.

Осень! Небо тучно.
Дождик льет,
Печально, скучно
Время идет.

Sergei Yesenin
Autumn (the sky is cloudy, the wind roars)

Autumn! The sky is cloudy,
The wind howls.
Nature is boring.
Everywhere it looks
The flowers have faded;
The trees are bare:
The gardens have withered

The valleys are sad.
And the birds aren’t heard,
They have all flown away
The last time they have sung
It was in spring.

Autumn! The sky is cloudy,
It is raining,
It is sad, boring,
Time passes.

সের্গেই ইয়েসেনিন
তুমি আমাকে ভালবাস না, আফসোস করো না,

তুমি আমাকে ভালবাস না, আফসোস করো না,
আমি কি একটু হলেও সুদর্শন নই?
মুখের দিকে না তাকিয়ে, আবেগে আপ্লুত হও,
আমার কাধেঁ হাত রেখে।

ইঙ্গিতপূর্ণ হাসিমাখা তরুণী,
আমি তোমার সঙ্গে না নম্র, না রূঢ়।
বলো আমাকে, কতজনকে প্রেম বিলিয়েছ?
কয়টি হাত তোমার মনে পড়ে? কয়টি ঠোঁট?

আমি জানি – তারা মিলিয়ে গেছে , ছায়ার মত,
তোমার আগুনের সংস্পর্শে না এসে,

অনেকের সামনে তুমি বসেছিলে হাঁটু গেঁড়ে,
এখন যেমন বসে আছ আমার সাথে।

থাক না তোমার চোখ বুজে অর্ধেক বুজে
তোমার ভাবনায় জুড়ে আছে অন্য় কেউ,
আমিও তোমাকে খুব একটা ভালবাসি না,
ডুবে থাকি দূরের প্রিয়জনের ভাবনায়।

এই আবেগ-উচ্ছ্বাসকে বলো না ভাগ্য,
আগ-পিছ না ভেবে হুট করে উত্থিত এই বন্ধনকে,-
ঘটনাচক্রে তোমার সঙ্গে হয়ে গেল দেখা,-
হাসিমুখে নিরবে করবো প্রস্থান ।

আর তুমিও যাবে নিজের পথ ধরে
নিরানন্দ দিনগুলোকে দূরে ঠেলে,
শুধু স্পর্শ করো না তাদের, যাদের কেউ চুমু দেয় নি
শুধু প্রলুব্ধ করো না তাদের, যারা এখনো ছ্যাঁকা খায় নি।

যদি অন্য কেউর সঙ্গে গলিতে
হাঁটতে হাঁটতে প্রেম নিয়ে আবোল তাবোল বকতে থাক,
হয়ত আমি হাঁটতে বের হব,
এবং তোমার সঙ্গে আবার দেখা হয়ে যাবে।

অন্যের আরো কাছ ঘেঁষে ঘার ঘুরিয়ে
এবং একটু নিচের দিকে ঝুঁকে,
তুমি চুপি চুপি বলবে, "শুভ সন্ধ্যা!”
আমি উত্তরে বলব "শুভ সন্ধ্যা, মিস"

এবং না কিছু হৃদয়কে করবে উদ্বেল,
এবং না কিছু তোমায় ধরাবে কাঁপুনি,
ভালবেসেছিল যে, সে আর ভালবাসতে পারবে না,
ছ্যাঁকা খেয়েছে যে, তাকে আর ছ্যাঁকা দিতে পারবে না।

Сергей Есенин

Ты меня не любишь, не жалеешь…

Ты меня не любишь, не жалеешь,
Разве я немного не красив?
Не смотря в лицо, от страсти млеешь,
Мне на плечи руки опустив.

Молодая, с чувственным оскалом,
Я с тобой не нежен и не груб.
Расскажи мне, скольких ты ласкала?
Сколько рук ты помнишь? Сколько губ?

Знаю я — они прошли, как тени,
Не коснувшись твоего огня,
Многим ты садилась на колени,
А теперь сидишь вот у меня.

Пусть твои полузакрыты очи
И ты думаешь о ком-нибудь другом,
Я ведь сам люблю тебя не очень,
Утопая в дальнем дорогом.

Этот пыл не называй судьбою,
Легкодумна вспыльчивая связь, —
Как случайно встретился с тобою,
Улыбнусь, спокойно разойдясь.

Да и ты пойдешь своей дорогой
Распылять безрадостные дни,
Только нецелованных не трогай,
Только негоревших не мани.

И когда с другим по переулку
Ты пройдешь, болтая про любовь,
Может быть, я выйду на прогулку,
И с тобою встретимся мы вновь.

Отвернув к другому ближе плечи
И немного наклонившись вниз,
Ты мне скажешь тихо: «Добрый вечер!»
Я отвечу: «Добрый вечер, miss».

И ничто души не потревожит,
И ничто ее не бросит в дрожь, —
Кто любил, уж тот любить не может,
Кто сгорел, того не подожжешь.

Sergei Yesenin

You don’t love me, you don’t pity me

You don’t love me, you don’t pity me,
Amn't I a bit handsome?
You don’t look at my face, still become melted with passion
by placing your hands on my shoulders.

Young woman with sensual smile,
I’m neither gentle nor harsh with you.
Tell me how many have you dated?
Do you remember, how many hands, how many lips?

I know – they came and left, like shadows,
Without touching the spark that you radiate,
In front of many, you sat on your knees,
Just as you’re sitting with me now.

Your eyes may be half-closed
But someone else is in your thoughts,
I don’t love you either,
drowning in the thoughts of distant loved ones.

Don’t call this dust fate,
A poorly imagined floating relationship, –
How by chance I met you,
I will smile and quietly part ways.

And you too will go your own way
to disperse joyless days,
Just don’t touch the unkissed,
Just don’t tempt those who haven’t been burned.

And when you walk down the alley
with someone else,chatting about love,
maybe I'll go out for a walk,
and we'll meet again.

Turning to the other closer to shoulders
And leaning down a little,
you’ll quietly say to me, "Good evening!"
I will reply: “ Good evening, Miss”.

And nothing will disturb the soul,
And nothing will make it shudder, –
Who loved, alas they couldn’t love any more,
Who burned couldn’t be burned again.

সের্গেই ইয়েসেনিন
কি অদ্ভুত রাত! পারি না আমি...

কি অদ্ভুত রাত! পারি না আমি।
ঘুম আসে না আমার। চাঁদের এই মায়াবী স্নিগ্ধরূপ।
মনে হয় এখনো হৃদয়ে রেখেছি যতনে
হারিয়ে যাওয়া যৌবনের দিনগুলো।

নিরাবেগ দিনগুলোর বান্ধবী আমার,
ছলনাকে ভালবাসা বলো না,
তার চেয়ে বরং এই চাঁদের আলো
ঠিকড়ে পড়ুক আমার মাথার ওপর।

এই আলো নির্ভয়ে ফুটিয়ে তুলুক
ভাঁজে মুড়িয়ে থাকা চেহারা,
আর যাই হোক পারবে না তুমি ভালবাসা ভুলতে,
যেভাবে তুমি পার নি ভালবাসতে।

ভালবাসা সম্ভব শুধু একবার।
এ কারণেই তোমাকে মনে হয় না আমার আপন
তুষারের স্তূপে পা ডুবে যাওয়া চুন গাছগুলো
বৃথাই ইশারায় ডেকে যাচ্ছে আমাদের

আমি তো জানি এবং জানো তুমিও,
এই নীল চাঁদনী রাতে
এই চুন গাছগুলোতে নেই কোন ফুল -
এই চুন গাছগুলোতে আছে তুষার আর বরফ।

অনেক আগেই উবে গেছে আমাদের ভালোবাসা,
তুমি নও আমার, ও - আমি অন্যের,
এবং আমাদের দুজনের কিছু আসে যায় না
সস্তা প্রেমের খেলায় মেতে ওঠতে।

তবুও গভীর আলিঙ্গনে আমাকে জড়িয়ে,
উন্মাদ আবেগসিক্ত চুম্বনে দাও ভরিয়ে,

হৃদয়ে চিরকাল স্বপ্ন হয়ে থাকুক মে (মাস)
এবং আরো এই, আমি ভালবাসব চিরকাল।

Сергей Есенин
Какая ночь! Я не могу…

Какая ночь! Я не могу.
Не спится мне. Такая лунность.
Еще как будто берегу
В душе утраченную юность.

Подруга охладевших лет,
Не называй игру любовью,
Пусть лучше этот лунный свет
Ко мне струится к изголовью.
Пусть искаженные черты
Он обрисовывает смело, —
Ведь разлюбить не сможешь ты,
Как полюбить ты не сумела.

Любить лишь можно только раз.
Вот оттого ты мне чужая,
Что липы тщетно манят нас,
В сугробы ноги погружая.
Ведь знаю я и знаешь ты,
Что в этот отсвет лунный, синий
На этих липах не цветы —
На этих липах снег да иней.

Что отлюбили мы давно,
Ты не меня, а я — другую,
И нам обоим все равно
Играть в любовь недорогую.

Но все ж ласкай и обнимай
В лукавой страсти поцелуя,
Пусть сердцу вечно снится май
И та, что навсегда люблю я.

Sergei Yesenin
Oh, what a night! I cannot sleep.

Oh, what a night! I cannot sleep.
Unsettled by this blazing moonness.
As if I reverently keep
Within my soul the wasted youth ways.

Oh, lover of the tepid days,
Do not take dalliance for feelings,
But let these lucid moonlight rays
Rain streaming down on my pillow.
Allow them to highlight enough
My writhen features, wry and garish,
For you can’t possibly unlove

The likeness you have never cherished.
True love transpires only once,
And just for this you seem so distant,
As linden trees are calling us
While sinking legs in snowy vistas.
I know this well and so do you,
That in this blue moonlight on lindens

We will not find any blooms
Inside the frosted snowy Eden.
We loved so many years ago,
You loved not me, I loved the other,
And we indifferently swore
To swift romance of easy lovers.
Yet still embrace, caress and kiss
With playful hedonism of passion,
Allow May invade my dreams
And usher in the one I treasure.

সের্গেই ইয়েসেনিন
প্রেমিকাকে চিঠি

ক্ষোভ চেপে আমার দিকে তাকিয়ো না,
তোমার প্রতি অবজ্ঞা আমি লুকাই না,
কিন্তু ভালবাসি তোমার রহস্যময় চাহনি I
ও তোমার চতুর ভীরুতা।

সত্যি, তোমাকে আমার মনে হয় লুকোছাপার কিছু নেই,
এবং, হয়তো দেখে খুশী হই

যেমন শিয়াল মৃতের ভান করে
কাক ধরে ও হেঁটে যায়

তাতে কি হয়েছে, ধরো, আমি ভয় পাই না,
শুধু যেন তোমার বহ্নিশিখা নিভে না যায়?
আমার হিমশীতল আত্মার ওপর
এরকম হোঁচট খেয়েছি একবার নয়, বহুবার।

ভালবাসি তোমাকে না, প্রিয়া
তুমি শুধু ক্ষীণ প্রতিধ্বনি, শুধুই ছায়া
তোমার মুখে আমি স্বপ্ন দেখি আরেকজন
কপোতের মত যার চোখ

তাকে নম্র না দেখাক
এবং, হয়তো, কিছুটা নির্লিপ্ত-নিরাসক্ত
কিন্তু তার রাজকীয় চলন
আমার আত্মার ভিত কাঁপিয়ে তুলেছে।

একে কিছুতেই মনে হবে না ভুল,
এবং যদি যেতে না চাও, তবু যাবে
আর তুমি এমন কি হৃদয় থেকেও মিথ্যে বলবে না
সেই মিথ্যাকে আদরে মুড়িয়ে৷

কিন্তু তবুও তোমার প্রতি বিতৃষ্ণা নিয়ে,
আমি কুণ্ঠচিত্তে সর্বকালের জন্য খুলে বলছি,
যদি স্বর্গ ও নরক নাও থাকত,
মানুষ নিজেই এগুলো আবিষ্কার করতো।

Сергей Есенин
письмо к женщине

Не гляди на меня с упреком,
Я презренья к тебе не таю,
Но люблю я твой взор с поволокой
И лукавую кротость твою.

Да, ты кажешься мне распростертой,
И, пожалуй, увидеть я рад,
Как лиса, притворившись мертвой,
Ловит воронов и воронят.

Ну и что же, лови, я не струшу.
Только как бы твой пыл не погас?
На мою охладевшую душу
Натыкались такие не раз.

Не тебя я люблю, дорогая,
Ты лишь отзвук, лишь только тень.
Мне в лице твоем снится другая,
У которой глаза — голубень.

Пусть она и не выглядит кроткой
И, пожалуй, на вид холодна,
Но она величавой походкой
Всколыхнула мне душу до дна.

Вот такую едва ль отуманишь,
И не хочешь пойти, да пойдешь,
Ну, а ты даже в сердце не вранишь
Напоенную ласкою ложь.

Но и все же, тебя презирая,
Я смущенно откроюсь навек:
Если б не было ада и рая,
Их бы выдумал сам человек.

Sergei Yesenin
Letter to woman

Do not look at me with anger,
I do not hide my contempt for you,
But I love your mysterious look
and your clever timidity.

True, you seem to me to be outstretched,
and, perhaps, I am glad to see,
How a fox pretending to be dead,
catches ravens and crows.

Well, keep on catching, I am not afraid.
But be careful if your charm fizzles out ?
My frozen soul encountered

such things not just once.

I don’t love you, dear,
You’re just a faint echo, merely a shadow.
When I look at you, I dream of another.
With blue eyes.

She may not seem humble
and, perhaps, a little indifferent
but her regal gait
shakes the very foundation of my soul.

You can hardly cloud such a thing,
And you don't want to go, but you go,
Well, and you don't even tell a lie in your heart
A lie saturated with affection.

But still, despising you
I will open myself up forever, embarrassed:
If there were no heaven and hell,
Humans themselves would have invented them.

আলেকসান্দর পুশকিন
জাগরণ

স্বপ্ন, স্বপ্ন,
কোথায় তোমার মিষ্টি স্বাদ?
কোথায় তুমি, কোথায় তুমি,
রাতের আনন্দ?
হারিয়ে গেছে সে,
আনন্দঘন স্বপ্ন,
এবং একাকী আমি
ঘোর অন্ধকারে
রয়েছি জেগে।
বিছানার চারদিকে
নিশ্চুপ রাত।
ভালবাসার স্বপ্নেরা
মূহুর্তেই হয়ে যায় শীতল
মূহুর্তেই উড়ে যায়

ভিড় করে দূরে কোথাও।
এখনো হৃদয় পূর্ণ আকাঙ্খায়

আঁকড়ে ধরে স্মৃতির স্বপ্নগুলো
প্রেম, প্রেম

মনোযোগ দিয়ে শোন প্রার্থনা:
আবার আমাকে পাঠাও
তোমার দিব্যদর্শন,
যাতে ভোরে
আবার থাকি নেশায় বুঁদ হয়ে
আমাকে মরতে দাও
ঘুম থেকে না জেগে।

Александр Пушкин
Пробуждение

Мечты, мечты,
Где ваша сладость?
Где ты, где ты,
Ночная радость?
Исчезнул он,
Веселый сон,
И одинокий
Во тьме глубокой
Я пробужден.
Кругом постели
Немая ночь.
Вмиг охладели,
Вмиг улетели
Толпою прочь
Любви мечтанья.
Еще полна
Душа желанья
И ловит сна
Воспоминанья.
Любовь, любовь,
Внемли моленья:
Пошли мне вновь
Свои виденья,
И поутру,
Вновь упоенный,
Пускай умру
Непробужденный.

Alexander Pushkin
Awakening

Hello, Dreams,
Where is your sweetness?
Where are you? Where are you?
Joy of the night?
It disappeared, sweet dream,
The happy dream
disappeared
And alone I am
In deep darkness
I am awake.
A silent night
surrounds the bed.
The crowded dreams of love
froze in an instant
flew away in an instant

Crowded somewhere far away I
Still with a heart full of longing
Clinging to the dreams of memories
Love, love.

Listen carefully to the prayer:
Send me again
Your divine vision,
So that in the morning
I may be drunk again
Let me die
without waking from sleep.

আলেকসান্দর পুশকিন
বাতাস, বাতাস, তুমি শক্তিশালী

বাতাস, বাতাস, তুমি শক্তিশালী,
তুমি তাড়িয়ে বেড়াও মেঘের ঝাঁক,
তুমি নীল সাগরে জাগাও কম্পন,
খোলা প্রান্তরে সর্বত্রই লাগে তোমার দোলা।
ভয় পাও না কাউকে,

শুধু একমাত্র ঈশ্বর ছাড়া।

এই তুমি কি আমাকে উত্তর দিতে অস্বীকার করবে?
তুমি কি দেখেছ পৃথিবীর কোথাও
তরুণ এক রাজকুমারী?
আমি তার বর - < একটু দাড়াঁও>-
উত্তর দেয় ঝড়ো হাওয়া,
ওই যে নীরবে বয়ে যায় নদী
তার ওপারে আছে উঁচু পাহাড়,
তার ভেতরে আছে গহীন গর্ত;

ওই গর্তে বিষাদময় আঁধারে
স্তম্ভগুলোর মাঝে শৃঙ্খলে বাঁধা,
দোল খায় স্ফটিকস্বচ্ছ কফিন।
ওই শূন্য জায়গার চারপাশে
দেখা যাবে না কারো চিহ্ন,

Александр Пушкин
Ветер, ветер, ты могуч
Ветер, ветер! Ты могуч,
Ты гоняешь стаи туч,
Ты волнуешь сине море,
Всюду веешь на просторе.
Не боишься никого,
Кроме бога одного.
Аль откажешь мне в ответе?
Не видал ли где на свете
Ты царевны молодой?
Я жених ее».— «Постой,—
Отвечает ветер буйный,—
Там за речкой тихоструйной
Есть высокая гора,
В ней глубокая нора;
В той норе, во тьме печальной,
Гроб качается хрустальный
На цепях между столбов.
Не видать ничьих следов
Вкруг того пустого места,
В том гробу твоя невеста.

Alexander Pushkin
Wind, wind, you’re mighty

Wind, wind! You're mighty,
You drive away layers of cloud,
You stir the blue sea,
You blow everywhere in the open space.
You're not afraid of anyone,
Except only God.
Or will you refuse me an answer?
Have you ever seen in the world
A young princess?
"I am her fiancé." – "Wait," –
 the violent wind replies,
There, beyond the little river,
there is a high mountain,
with a deep hole;
In that hole, in the sad darkness,
Swings a crystal coffin
On chains between the pillars
No marks left by others are visible
Around that empty space
In that coffin lies your bride.

আলেকসান্দর পুশকিন
আমার মনে পড়ে বিস্ময়েভরা একটি মূহুর্ত

আমার মনে পড়ে বিস্ময়েভরা একটি মূহুর্ত:
আমার সামনে এলে তুমি,
যেন ক্ষণিকের চাহনি,
যেন শুদ্ধ সৌন্দর্যের দ্যুতি।

আশাহীন বিষাদের ক্লান্তিতে,
হুড়োহুড়ি আর ছোটাছুটি র উদ্বেগে,
অনেকক্ষণ আমার কাছে বেজে ওঠে
মৃদু কন্ঠ,
স্বপ্নে ধরা দেয় প্রিয় মুখগুলো।

বছর কেটে যায়। ঝড়ের বিদ্রোহী দমকা হাওয়া
উড়িয়ে নিয়ে যায় আগের স্বপ্নগুলো
আমি ভুলে গেছি তোমার মৃদু কন্ঠ
তোমার দ্যুতিময় অবয়ব

নির্জন প্রান্তরে, কারাপ্রকোষ্ঠের অন্ধকারে
নীরবে গড়িয়ে যায় আমার দিনগুলো
যেখানে নেই ঈশ্বর, নেই অনুপ্রেরণা
নেই অশ্রু, নেই জীবনের স্পন্দন, নেই ভালোবাসা।

আত্মায় লেগেছে জাগরণ:
এমনি মূহুর্তে আবার এলে তুমি,
চকিতের চাহনির মত
যেন শুদ্ধ সৌন্দর্যের এক প্রতিভা
হৃদয়ে বাজে আনন্দের বীণা,
তারই জন্য় আবার জেগেছে
দেবতা, ফিরেছে অনুপ্রেরণা,
ফিরেছে জীবন, অশ্রু আর ভালবাসা।

Александр Пушкин
Я помню чудное мгновенье

Я помню чудное мгновенье:
Передо мной явилась ты,
Как мимолетное виденье,
Как гений чистой красоты.

В томленьях грусти безнадежной,
В тревогах шумной суеты,
Звучал мне долго голос нежный
И снились милые черты.

Шли годы. Бурь порыв мятежный
Рассеял прежние мечты,
И я забыл твой голос нежный,
Твои небесные черты.

В глуши, во мраке заточенья
Тянулись тихо дни мои
Без божества, без вдохновенья,
Без слез, без жизни, без любви.

Душе настало пробужденье:
И вот опять явилась ты,
Как мимолетное виденье,
Как гений чистой красоты.

И сердце бьется в упоенье,
И для него воскресли вновь
И божество, и вдохновенье,
И жизнь, и слезы, и любовь.

Alexander Pushkin
I remember a wonderful moment

I remember a wonderful moment
As before my eyes you appeared,
Like a vision, fleeting, momentary,
Like a spirit of the purest beauty.

In the torture of hopeless melancholy,
In the bustle of the world's noisy hours,
That voice rang out so tenderly,
I dreamed of that lovely face of yours.

The years flew quickly. The storm's blast
Scattered the dreams of former times,
And I forgot your tender voice,
And the features of your heavenly face.

In remoteness, in gloomy isolation,
My days dragged quietly, nothing was new,
No godlike face, no inspiration,
No tears, no life, no love, no you.

Then to my soul an awakening came,
And there again your face appeared,
Like a vision, fleeting, momentary,
Like a spirit of the purest beauty.

And my heart beat with a rapture new,
And for its sake arose again
A godlike face, an inspiration,
And life, and tears, and love, and you

আলেকসান্দর পুশকিন
পোড়া চিঠি

বিদায়, প্রেমের চিঠি! বিদায়: তার মুখ থেকে বেরিয়ে এল।
কতদিন দেরি করলাম! কতদিন চাই নি
এই হাতে জীবনের সব আনন্দ অগ্নিকে সঁপে দিতে!
কিন্তু ঢের হয়েছে, এখনই সময়। পুড়ে যাও প্রেমের চিঠি।
আমি প্রস্তুত; কোন কিছুতেই আমার অন্তর সাড়া দিচ্ছে না।
পলকেই লেলিহান শিখা তোমার পাতাগুলো গ্রাস করতে শুরু করেছে..
এক মিনিট! জ্বলছে দাউ দাউ করে - হাল্কা ধোঁয়া
কুন্ডলী পাঁকিয়ে মিলিয়ে যায় আমার প্রার্থনার সাথে।
বাগদানের আংটিটি মনে হয় জৌলুসহীন,
গলে যাওয়া মোম থেকে বের হচ্ছে বুদবুদ.. একি ঈশ্বরের লীলা!
সব শেষ! পাতাগুলো কালো হয়ে মুড়িয়ে গেছে
হাল্কা ছাইয়ের স্তুপে তার লেখাগুলো সাদা দেখাচ্ছে
বুকে লজ্জার পাহাড়, প্রিয় ছাই,
আমার দু:খের জীবনে একটু আনন্দ,
শত বছর থাক তুমি আমার সাথে শোকে ভরা বুকের ওপর।

Александр Пушкин
Сожжённое письмо

Прощай, письмо любви! прощай: она велела.
Как долго медлил я! как долго не хотела
Рука предать огню все радости мои!..
Но полно, час настал. Гори, письмо любви.
Готов я; ничему душа моя не внемлет.
Уж пламя жадное листы твои приемлет...
Минуту!.. вспыхнули! пылают — легкий дым
Виясь, теряется с молением моим.
Уж перстня верного утратя впечатленье,
Растопленный сургуч кипит... О провиденье!
Свершилось! Тёмные свернулись листы;
На лёгком пепле их заветные черты
Белеют... Грудь моя стеснилась. Пепел милый,
Отрада бедная в судьбе моей унылой,
Останься век со мной на горестной груди…

Alexander Pushkin
A burnt letter

Farewell, letter of love! Farewell: she has bade.
I lingered for a long time! For long I hesitated
To bum in fire all my joy.
But now it is time. Bum, the letter, bum.

I am ready; my soul is numb.
Your leaves are licked by the greedy flame...
A moment! They are ablaze! Aflame! And then
Thin coils of smoke drift up,
interweave with my prayers And vanish. The melted wax seethes and looses
The last traces of my seal-ring. O Providence!
All gone! The darkened sheets curl up;
Upon the heap of ashes the cherished outlines
Show white... My chest feels tight. O precious ashes,
The poor comfort of my crestfallen fate,
Stay always near my heart..

আলেকসান্দর পুশকিন
আমি তোমাকে ভালবেসেছিলাম: হয়তো এখনো ভালবাসি

আমি তোমাকে ভালবেসেছিলাম: হয়তো এখনো ভালবাসি,
হৃদয়ের গভীরে তা নিভে যায় নি পুরোপুরি;
কিন্তু তা যেন তোমায় আর ভাবিয়ে না তুলে
আমি কোনভাবেই তোমাকে দুঃখ দিতে চাই না I
তোমাকে ভালবেসেছিলাম নি:শব্দে, কোন আশা ছাড়াই,
কিছু ভীরুতা আর কিছু ঈর্ষায় তা ছিল সিক্ত।
আমার ভালবাসা ছিল এতটাই আন্তরিক আর নিখাদ যে
ঈশ্বর যেন দান করেন তোমার প্রতি অন্যের সেইরূপ ভালবাসা।

Александр Пушкин
Я вас любил: любовь еще, быть может

Я вас любил: любовь еще, быть может,
В душе моей угасла не совсем;
Но пусть она вас больше не тревожит;
Я не хочу печалить вас ничем.
Я вас любил безмолвно, безнадежно,
То робостью, то ревностью томим;
Я вас любил так искренно, так нежно,
Как дай вам бог любимой быть другим.

Alexander Pushkin
I loved you: love may still be there

I loved you and my love may still be there,
Deep in my soul remains to stay aglow.

That should not cause you any more despair –
I do not want to hurt you any more.
I loved you unrequited in still wonder
Through bouts of jealousy and diffidence.
I loved you so sincerely and tender –
God bless you with such love of someone else.

আলেকসান্দর পুশকিন
শীতের সন্ধ্যা

ঝড় কালো আঁধারে ঢেকে দিচ্ছে আকাশ,
তুষারের ঘূর্ণি পাক খেতে খেতে;
কখনো ডাকতে থাকে বন্য প্রাণীর মত,
আবার কখনো কাঁদতে থাকে অবুঝ শিশুর মত,
কখনো হঠাৎ জরাজীর্ণ ছাদ থেকে
ভেসে আসে খড়ের কড়কড় আওয়াজ
আবার কখনো বিলম্বিত পথিক যে ভাবে
আমাদের জানালায় টোকা দেয়

আমাদের জীর্ণ কুঁড়েঘর,
বিষন্ন আর অন্ধকার,
তুমি যে কি, আমার প্রিয় বুড়ি,
নির্বাক দাঁড়িয়ে আছ জানালার ধারে?
কিংবা ঝড়ের গর্জনে
তুমি, বন্ধু আমার, ক্লান্ত,
কিংবা ঝিমোচ্ছ?
তোমার বুড়োর বকবকানি শুনে

চলো পান করি, প্রিয় বন্ধু আমার,
আমার কৈশোরের কঠিন দিনগুলো মনে করে,
চলো পান করি, দুঃখকে মনে করে, কোথায় সুরার গ্লাস?
হৃদয় জুড়াবে আনন্দ,
আমাকে গেয়ে শোনাও, কি ভাবে দোয়েল,
সাগরের ওপারে বাস করত চুপচাপ
আমাকে সেই কিশোরীর গান গেয়ে শোনাও,
যে প্রতিদিন ভোরে যেত জল আনতে

ঝড় কালো আঁধারে ঢেকে দিচ্ছে আকাশ,
তুষারের ঘূর্ণি পাক খেতে খেতে;
কখনো ডাকতে থাকে বন্য প্রাণীর মত,
আবার কখনো কাঁদতে থাকে অবুঝ শিশুর মত,
চলো পান করি, প্রিয় বন্ধু আমার,
আমার কৈশোরের কঠিন দিনগুলো মনে করে,
চলো পান করি, দুঃখকে মনে করে, কোথায় সুরার গ্লাস?

হৃদয় জুড়াবে আনন্দ।

Александр Пушкин
Зимний вечер
Александр Пушкин
Буря мглою небо кроет,
Вихри снежные крутя;
То, как зверь, она завоет,
То заплачет, как дитя,
То по кровле обветшалой
Вдруг соломой зашумит,
То, как путник запоздалый,
К нам в окошко застучит.

Наша ветхая лачужка
И печальна и темна.
Что же ты, моя старушка,
Приумолкла у окна?
Или бури завываньем
Ты, мой друг, утомлена,
Или дремлешь под жужжаньем
Своего веретена?

Выпьем, добрая подружка
Бедной юности моей,
Выпьем с горя; где же кружка?
Сердцу будет веселей.
Спой мне песню, как синица
Тихо за морем жила;
Спой мне песню, как девица
За водой поутру шла.

Буря мглою небо кроет,
Вихри снежные крутя;
То, как зверь, она завоет,
То заплачет, как дитя.
Выпьем, добрая подружка
Бедной юности моей,
Выпьем с горя; где же кружка?
Сердцу будет веселей.

Alexander Pushkin

Winter evening

The storm covers skies in darkness,
Spinning snowy whirlwinds tight,
Now it wails like a beast wildest,
Now it cries like a week child,
Now suddenly it rustles
The old roof's dry thatching mass,
Now, a traveller, late and gusty,
It knocks at our window's glass.

Our hut, poor and unstable,
It is dark and sad to feel.
Why, are you, my little old lady,
Silent at the window-sill?
Are you tired, o my dear,
By the howling of the storm,
Or just dozing while you hear
The still hum your spindle from?

Let us drink, o comrade, dear,
Of my youth, so poor and hard, -
'Gainst our woe; is a cup here?
It will cheer the saddened heart.
Sing a song about a blue-tit,
Which, beyond the sea, lived well,
Or about the maiden, bloomed,
Who went early to a well.

The storm covers skies with darkness,
Spinning snowy whirlwinds tight;
Now it wails like a beast wildest,
Now it cries like a weak child.
Let us drink, o comrade dear
Of my youth, so poor and hard, -
'Gainst our woe; is a cup here?
It will cheer the saddened heart.

আলেকসান্দর পুশকিন
শীতের সকাল

তুষার ও রোদ; অদ্ভুত সুন্দর দিন

তুমি এখনো ঘুমিয়ে আছ? প্রিয় বন্ধু
সময় হয়েছে, জেগে ওঠ রূপসী
খোল, সুখের আমেজে বুজে থাকা চোখ
দেখো উত্তর আকাশে বর্ণিল আলোর খেলা
উত্তরের তারা রূপে মূর্তিমান হও!

কাল রাতে, মনে পড়ে, ঝড়ের দাপাদাপি
মেঘলা আকাশে ভর করেছিল কালো আধাঁর
চাঁদ, নিষ্প্রভ দাগের মত,
কালো মেঘ চিড়ে হলুদ আলো ছড়াচ্ছিল
আর তুমি বিষন্ন মনে চুপচাপ বসেছিলে
আর এখন জানালার বাইরে তাকিয়ে দেখো
নীল আকাশের নিচে
বিশাল কম্বলের মত
রোদে চিক চিক করে
পড়ে আছে বরফের স্তুপ।
শুধু সচ্ছ বন আঁধারে ঢাকা
তুষারের ভেতর দিয়ে স্প্রুস গাছগুলো সবুজ
উঁকি দেয় সবুজ স্প্রুস গাছ
আর বরফের নিচে স্রোতের ধারা চক চক করে

হলুদ আলোর আভায় ভেসে যায়
পুরো ঘর, জ্বলন্ত চুলা মনের আনন্দে
মেতে ওঠে ফটাফট শব্দে
সোফায় বসে ভাবতে লাগে আনন্দ
তুমি জান, বাদামী ঘোড়াগুলোকে
শ্লেজ গাড়ির সামনে বাধাঁর সময় এখন

ভোরের তুষারের ওপর গড়িয়ে যেতে যেতে
প্রিয় বন্ধু, অধৈর্য ঘোড়াগুলোকে
আমরা বলব যতখুশী দৌড়তে
চেয়ে চেয়ে দেখব খোলা প্রান্তর,
বনবাদাড়, যা কিছুদিন আগেও ছিল গহীন অরণ্য
আর আমার প্রিয় নদীতীর

Александр Пушкин
Зимнее утро

Мороз и солнце; день чудесный!
Еще ты дремлешь, друг прелестный —
Пора, красавица, проснись:
Открой сомкнуты негой взоры

Навстречу северной Авроры,
Звездою севера явись!

Вечор, ты помнишь, вьюга злилась,
На мутном небе мгла носилась;
Луна, как бледное пятно,
Сквозь тучи мрачные желтела,
И ты печальная сидела —
А нынче... погляди в окно:

Под голубыми небесами
Великолепными коврами,
Блестя на солнце, снег лежит;
Прозрачный лес один чернеет,
И ель сквозь иней зеленеет,
И речка подо льдом блестит.

Вся комната янтарным блеском
Озарена. Веселым треском
Трещит затопленная печь.
Приятно думать у лежанки.
Но знаешь: не велеть ли в санки
Кобылку бурую запречь?
Скользя по утреннему снегу,
Друг милый, предадимся бегу
Нетерпеливого коня
И навестим поля пустые,
Леса, недавно столь густые,
И берег, милый для меня.

Alexander Pushkin
Winter morning

Frost and sun—the day is wondrous!
Thou still art slumbering, charming friend.
'Tis time, O Beauty, to awaken:
Ope thine eyes, now in sweetness closed,
To meet the Northern Dawn of Morning
Thyself a north-star do thou appear!

Last night, remember, the storm scolded,
And darkness floated in the clouded sky;

Like a yellow, clouded spot
Thro' the clouds the moon was gleaming,—
And melancholy thou wert sitting—
But now ... thro' the window cast a look:

Stretched beneath the heavens blue
Carpet-like magnificent,
In the sun the snow is sparkling;
Dark alone is the wood transparent,
And thro' the hoar gleams green the fir,
And under the ice the rivulet sparkles.
Entire is lighted with diamond splendor
Thy chamber ... with merry crackle
The wood is crackling in the oven.
To meditation invites the sofa.
But know you? In the sleigh not order why
The brownish mare to harness?

Over the morning snow we gliding
Trust we shall, my friend, ourselves
To the speed of impatient steed;
Visit we shall the fields forsaken,
The woods, dense but recently,
And the banks so dear to me

আলেকসান্দর পুশকিন
মেঘ

ছিটিয়ে থাকা ঝড়ের শেষ মেঘ!
একাই তুমি সচ্ছ নীল আকাশে ঘুরছ,
একাই তুমি ফেলছ ক্ষীণ ছায়া,
একাই তুমি আনন্দঘন দিনটিকে বিষাদে ভরিয়ে দিচ্ছ।

একটু আগেই তুমি ঘিরে রেখেছিলে আকাশের চারপাশ,
ভয়াল বজ্রবিদ্যুৎ তোমাকে দিচ্ছিল ঢেকে
আর তোমার থেকে বের হচ্ছিল রহস্যময় বজ্রের আওয়াজ
এবং তৃষ্ণার্ত জমি তুমি ভরিয়ে দিচ্ছিলে জলে

যথেষ্ট, এবার মিলিয়ে যাও, সময় পেরিয়ে গেছে,
তাজা হয়ে ওঠছে মাটি, ঝড়ও গেছে কেটে
এবং বাতাস বৃক্ষরাজির পাতার ওপর আদরের পরশ বুলিয়ে
মনের আনন্দে তোমাকে আকাশ থেকে তাড়িয়ে দিচ্ছে।

Туча
Александр Пушкин

Последняя туча рассеянной бури!
Одна ты несешься по ясной лазури,
Одна ты наводишь унылую тень,
Одна ты печалишь ликующий день.

Ты небо недавно кругом облегала,
И молния грозно тебя обвивала;
И ты издавала таинственный гром
И алчную землю поила дождем.

Довольно, сокройся! Пора миновалась,
Земля освежилась, и буря промчалась,
И ветер, лаская листочки древес,
Тебя с упокоенных гонит небес.

Alexander Pushkin
The Cloud

The last one of clouds of scattered a tempest,
Just single you’re flying in azure, the prettiest,
Just single you’re bringing the sorrowful shade,
Just a single saddening day that is glad.

In nearest past, you were storming skies, mighty,
And were quite entwined by the powerful lightning,
And you were the womb for divine thunders birth,
And quenching with rain the insatiable earth.

Enough, now vanish! Your time is not endless -
The earth is refreshed and away gone the tempest;
And now the wind, fondling leaves of the trees,
With pleasure is driving you out the sky bliss

মিখাইল লেরমান্তভ
মেঘ

আকাশের মেঘমালা, চিরন্তন ভবঘুরে!

মুক্তোর মালা হয়ে নীলাভ তৃণভূমির ওপর
ছুটছ তুমি, উত্তর থেকে দক্ষিণ
আমি এক নির্বাসিতের মত।

কে তোমাকে তাড়িয়ে বেড়ায়: নিয়তির চাল?
ঈর্ষা কি গোপন? রাগ কি খোলামেলা?
নাকি তোমার ওপর চেপেছে অপরাধের বোঝা?
নাকি বন্ধুদের বিষেভরা কুৎসা?

না, অনুর্বর ক্ষেতগুলো দেখে দেখে বিরক্তিতে তুমি পূর্ণ..
তোমার না আছে আবেগের বোধ, না কষ্টের;
তুমি শীতল, তুমি মুক্ত চিরদিন।

Михаил Лермонтов
Тучи
Тучки небесные, вечные странники!
Степью лазурною, цепью жемчужною
Мчитесь вы, будто как я же, изгнанники
С милого севера в сторону южную.

Кто же вас гонит: судьбы ли решение?
Зависть ли тайная? злоба ль открытая?
Или на вас тяготит преступление?
Или друзей клевета ядовитая?

Нет, вам наскучили нивы бесплодные…
Чужды вам страсти и чужды страдания;
Вечно холодные, вечно свободные,
Нет у вас родины, нет вам изгнания.

আকাশে ওড়ে ঈগল
মাক্সিম গোর্কি

আকাশে ওঠতে থাকে ঈগল,
শক্তিশালী ডানার ঝলক দেখিয়ে..
আমিও চাই, যেতে সেখায়
দূর আকাশে, ঈগলের পিছুপিছু।

চাই! কিন্তু নিষ্ফল প্রচেষ্টা!
আমি কন্যা - এই বিষন্ন মাটির

এবং আমার আত্মার ডানা অনেকদিন
লুটোপুটি খেয়েছে ধুলো আর ময়লায়

ভাল লাগে তোমাদের দূর্দান্ত তর্ক
ও তোমাদের উজ্জ্বল স্বপ্ন
কিন্তু আমি চিনি অন্ধকার গর্তগুলো
লুকিয়ে আছে সেখানে অন্ধ উইঁপোকাগুলো

সুন্দর স্বপ্নের ধার এরা ধারে না,
এবং সূর্য দেখে এদের আত্মা হয় না উৎফুল্ল,
অভাবের ভারী বোঝার ভারে এরা ক্লান্ত,
ভালোবাসা বা মনোযোগের প্রয়োজন নেই এদের

এরা তোমার আর আমার মাঝে
দাঁড়িয়ে নিশ্চুপ দেয়ালের মত
বল - কি কি শব্দ দিয়ে
আমি এদেরকে আমার পিছু পিছু আসতে বলি?

Максим Горький
Орел поднимается в небо
Орел поднимается в небо,
Сверкая могучим крылом…
И мне бы хотелось, и мне бы
Туда, в небеса, за орлом!

Хочу! Но бесплодны усилья!
Я — дочь этой грустной земли,
И долго души моей крылья
Влачились в грязи и пыли…

Люблю ваши дерзкие споры
И яркие ваши мечты,
Но — знаю я темные норы,
Живут в них слепые кроты;

Красивые мысли им чужды,
И солнцу душа их не рада,
Гнетут их тяжелые нужды,
Любви и вниманья им надо!

Они между мною и вами
Стоят молчаливой стеною…

Скажите — какими словами
Могу я увлечь их за мною?

বিদায়
মাক্সিম গোর্কি –

বিদায়! আত্মা - বিষাদে ভরা।
আমি আবার, আগের মত, একা,
আবার আমার জীবনে নেমেছে আঁধার
বিদায় - আমার জ্বলজ্বলে আলোর রেখা!
বিদায়!

বিদায়! আমি পাল তুলে,
বিষন্ন বদনে দাঁড়িয়ে আছি হালের কাছে,
উড়ন্ত গাংচিলের ভেসে আসা কন্ঠস্বর
আর শুভ্র ফেনার দল
সব কিছু, যা দিয়ে পৃথিবী জানাচ্ছে
আমাকে বিদায়
বিদায়!

অকূল সাগর ছড়ায় মনে ভীতি,
বিষাদের পোকা কুঁড়ে খায় আমার আত্মা,
ধূসর ঢেউ করে ভয়াল গর্জন
কিন্তু - সাগর তার সব জল ঢেলেও
পারবে না তোমাকে হ্রদয়ের গভীর থেকে ধুয়ে ফেলতে।
বিদায়!

Максим Горький
Прощай
Прощай! Душа — тоской полна.
Я вновь, как прежде, одинок,
И снова жизнь моя темна,
Прощай, мой ясный огонек!..
Прощай!

Прощай! Я поднял паруса,
Стою печально у руля,
И резвых чаек голоса
Да белой пены полосы —
Все, чем прощается земля

Со мной…
Прощай!

Даль моря мне грозит бедой,
И червь тоски мне душу гложет,
И грозно воет вал седой…
Но — море всей своей водой
Тебя из сердца смыть не может!..

Maxim Gorky
Goodbye

Goodbye! Soul – full of anguish
I'm alone, as before, a single

My soul is full of yearning.
Alone I am as was before,
Again I'm prey to shadow's pull,
Farewell, my spark, how bright you are!
Farewell!
Farewell! I've now unfurled my sail,
And sadly at the helm I stand
And darting seagulls' voices' wail
And streaks of foaming sea's white spray
Are things by which says motherland
To me farewell!
The sea's expanses threaten harm,
The worm of anguish gnaws my soul,
The grey wave's angry howls alarm…
And yet with all its floods the sea
Cannot expunge you with its roll!
Farewell!

সের্গেই নিকিতিন
আমি অ্যাশ গাছকে জিজ্ঞেস করলাম

আমি অ্যাশ গাছকে জিজ্ঞেস করলাম,
কোথায় আমার প্রিয়তমা।
অ্যাশ উত্তর না দিয়ে,
মাথা নাড়াল।

আমি পপলার গাছকে জিজ্ঞেস করলাম
কোথায় আমার প্রিয়তমা
পপলার আমার দিকে ছুঁড়ে দিল
শরতের লতাপাতা

আমি শরতকে জিজ্ঞেস করলাম
কোথায় আমার প্রিয়তমা
শরত আমাকে উত্তর দিল
অঝোর বৃষ্টি নামিয়ে

আমি বৃষ্টিকে জিজ্ঞেস করলাম
কোথায় আমার প্রিয়তমা
বৃষ্টি অনেকক্ষণ অশ্রু ঝরা
আমি চাঁদকে জিজ্ঞেস করলাম

কোথায় আমার প্রিয়তমা
চাঁদ মুখ লুকোল মেঘের আড়ালে,
আমায় উত্তর না দিয়ে.
আমি মেঘকে জিজ্ঞেস করলাম

কোথায় আমার প্রিয়তমা
মেঘ গলে গেল
নীল আকাশে।
আমার একমাত্র বন্ধু তুমি
কোথায় আমার প্রিয়তমা

তুমি বল না, কোথায় লুকিয়েছে
তুমি কি জান, কোথায় সে।
উত্তর দিল ভক্ত বন্ধু
উত্তর দিল আন্তরিক বন্ধু
ছিল তোমার প্রিয়তমা
ছিল তোমার প্রিয়তমা
ছিল তোমার প্রিয়তমা
আর হয়ে গেল আমার বউ।

Сергей Никитин
Я спросил у ясеня,
Я спросил у ясеня,
Где моя любимая.
Ясень не ответил мне,

Качая головой.

Я спросил у тополя,
Где моя любимая.
Тополь забросал меня
Осеннею листвой.

Я спросил у осени,
Где моя любимая.
Осень мне ответила
Проливным дождем.

У дождя я спрашивал,
Где моя любимая.
Долго дождик слезы лил
За моим окном.

Я спросил у месяца,
Где моя любимая.
Месяц скрылся в облаке,
Не ответил мне.

Я спросил у облака,
Где моя любимая.
Облако растаяло
В небесной синеве.

Друг ты мой единственный,
Где моя любимая.
Ты скажи, где скрылась,
Знаешь, где она.

Друг ответил преданный,
Друг ответил искренний:
Была тебе любимая,
Была тебе любимая,
Была тебе любимая,
А стала мне жена.

I asked the Ash tree
Where is my sweetheart
Ash didn’t answer me

shaking head

I asked the poplar tree,
Where is my sweetheart?
Poplar threw at me
autumn foliage.

I asked the autumn
Where is my sweetheart
The autumn answered me
by pouring torrential rain

I asked the rain
Where is my sweetheart
The rain wept for long
behind my window
I asked the moon
Where is my sweetheart
The moon hid in the cloud
Didn’t answer me.

I asked the cloud
Where is my sweetheart
The cloud melted away
In the blue sky.

You’re my only friend,
Where is my sweetheart
Please tell me where she is hiding
Do you know where she is?

Answered the friend devoted
Answered the friend sincere
Sweetheart she was yours
Sweetheart she was yours
Sweetheart she was yours
But now became my wife.

কনস্তানতিন সিমোনভ
আমার অপেক্ষায় থেকো, আমি ফিরে আসবো

“আমার অপেক্ষায় থেকো, আমি ফিরে আসবো।
শুধু অনেক অপেক্ষা।
হলুদ বৃষ্টি যখন বিষন্নতায় ভরিয়ে দেবে
তখনো অপেক্ষা করো।
অপেক্ষা করো, তুষার যখন ছুটতে থাকে
যখন বইবে খরতাপ, তখনো অপেক্ষা করো।
অপেক্ষা করো, যখন অন্যদের অপেক্ষায় থাকবে না কেউ।
হারিয়ে যাবে গতকালের মত।
অপেক্ষা করো, যখন দূরদেশ থেকে
আসবে না চিঠি
অপেক্ষা করো, যতক্ষণ না দল বেঁধে
অন্যদের প্রতীক্ষার পালায় নেমে আসে ক্লান্তি।

আমার অপেক্ষায় থেকো, আমি ফিরে আসবো।
মঙ্গল কামনা করো না তাদের যারা মুখস্থ বলে দেবে,
ভুলে যাবার সময় এখন
ছেলে ও মা মেনে নিক
আমি নেই
অপেক্ষায় থেকে থেকে বন্ধুরা হয়ে যাক ক্লান্ত
আগুনের পাশে বসে, আত্মার শান্তি কামনা করে
চুমুক দিক মদের পেয়ালায়
অপেক্ষা করো। এবং ওদের সঙ্গে মিলে
পান করার জন্য অস্থির হয়ে ওঠো না।

আমার অপেক্ষায় থেকো, আমি ফিরে আসবো।
সব মৃত্যুর মুখে ছাই দিয়ে
যারা আমার প্রতীক্ষায় থাকে নি,
তারা যেন বলে “ভাগ্যিস, বেঁচে গেল”
যারা অপেক্ষা করে নি, তারা বুঝবে না,
কি ভাবে আগুনের পাশে বসে
আমার প্রতীক্ষায় থেকে
তুমি বাঁচিয়েছ আমাকে
কিভাবে বেঁচে গেছি, জানব
শুধু তুমি আর আমি
কারণ তুমি অপেক্ষা করতে পেরেছ
যা কেউ পারে নি।

Константин Симонов
Жди меня, и я вернусь

Жди меня, и я вернусь.
Только очень жди,
Жди, когда наводят грусть
Желтые дожди,
Жди, когда снега метут,
Жди, когда жара,
Жди, когда других не ждут,
Позабыв вчера.
Жди, когда из дальних мест
Писем не придет,
Жди, когда уж надоест
Всем, кто вместе ждет.

Жди меня, и я вернусь,
Не желай добра
Всем, кто знает наизусть,
Что забыть пора.
Пусть поверят сын и мать
В то, что нет меня,
Пусть друзья устанут ждать,
Сядут у огня,
Выпьют горькое вино
На помин души...
Жди. И с ними заодно
Выпить не спеши.

Constantin Simonov
Wait for me – and I'll return.

Wait for me – and I'll return.
Only wait for me,
Wait, when dark clouds loom and yearn
Wait torrentially.
Wait, when snows sweep through the steppe,
Wait, on days serene,
Wait, when others do not keep
Faith in what has been.
Wait, when over many leagues
Letters don't arrive,
Wait when waiting long fatigues –
But keep our fire alive.

Wait for me – and I'll return.
Don't aid and abet
Those whose counsels overturn:
"It's time to forget."
Let my son and mother trust
Neighbours who conspire
Let their waiting turn to dust,
Sitting by the fire,
Drinking cups of bitter wine
Remembering the soul...
Wait and when it comes to mine
Do not drain the bowl.

Wait for me – and I'll return,
Tantalising fate.
Let the sceptics crash and burn
Those who can't relate.
They don't know, who can't hang fire:
In the midst of strife
With your faith and love entire
You have saved my life.
We'll know how I cheated fate
Only you and I –
Simply, you knew how to wait,
And that's what saved your guy.

মিখাইল লেরমান্তভ
একাকী চকচক করে পাল

একাকী চকচক করে পাল
নীল সাগরের কুয়াশায়!
দূর দেশে কি খুঁজে বেড়ায় সে?
নিজ ভূমে কি ছুঁড়ে দিয়েছে সে?
তরঙ্গ করে কেলি - শিস দেয় বাতাস
গোঁ গোঁ শব্দ তুলে দুলতে থাকে মাস্তুল
হায়! সে সুখের সন্ধানে ব্যস্ত নয়
বা সুখ থেকেও পালিয়ে বেড়ায় না
তার নিচে বহে গাঢ় নীল জলরাশি
ওপরে খেলে সোনালী রোদ্দুরের রশ্মি
আর সে, বিদ্রোহী, ঝড়কে জানায় আমন্ত্রণ,
যেন ঝড়ে লুকিয়ে আছে প্রশান্তি।

Михаил Лермонтов
Белеет парус одинокий

Белеет парус одинокой
В тумане моря голубом!..
Что ищет он в стране далекой?
Что кинул он в краю родном?...
Играют волны — ветер свищет,
И мачта гнется и скрыпит…
Увы! он счастия не ищет
И не от счастия бежи.

Mikhail Lermontov
The sail shines alone

The sail shines alone
In the fog of blue sea
What is he searching for in a distant land?
What has he thrown away in his own land?
The waves are dancing - the wind roars,
And the mast bends and creaks…
Alas! He does not seek happiness
And it is not from happiness that he flees.